দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 APR 1989
পৃষ্ঠা 8 কলাম 4

৩

010

২৮

# ১ ঘন্টা পর পরীক্ষা গ্রহণ : রাজশাহী ভার্সিটিতে ভাংচুর

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

রাজশাহী ১১ই এপ্রিল।— পরীক্ষা গ্রহণের জন্যে কোন শিক্ষক না থাকায় আজ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা নির্দিষ্ট সময়ের এক ঘন্টা পর শুরু হয়।

উত্তেজিত পরীক্ষার্থীরা এই ঘটনার প্রতিবাদ জানায় এবং হলের দরজা-জানালা ভাংচুর করে। পরে পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের কর্মকর্তা ও কর্মচারী এবং আইন বিভাগের মাত্র দুজন শিক্ষকের উপস্থিতিতে চারশো ছাত্রের পরীক্ষা নেয়া হয়। এরপর পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

জানা গেছে পরীক্ষা অনুষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় চেয়ারম্যান লিখিতভাবে ডীন পরীক্ষা নেয়ার দায়িত্ব দেন। কিন্তু ডীন তাতে সম্মত না হওয়ায় এই জটিলতার সৃষ্টি হয়।